গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম

**ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস হিসেবে উদ্‌যাপনে প্রস্তুতিমূলক সভার সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মাসুমা জান্নাত<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কর্ণফুলী, চট্টগ্রাম |
| সভার তারিখ | : | ০৪/০৩/২০২৪ খ্রিঃ |
| সভার সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে **স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ই মার্চের** ভাষণের তাৎপর্য অনেক গভীর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে "ঐতিহাসিক ৭ই মার্চ" হিসেবে এবং দিবসটি 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে। ভাষা আন্দোলন, স্বাধীনতা সংগ্রাম এবং ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ অবদান এবং তাঁর দিকনির্দেশনামূলক বক্তব্য উল্লেখপূর্বক সংক্ষেপে বক্তব্য প্রদান করেন। অতঃপর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি সকলের জ্ঞাতার্থে পাঠ করে শুনান। জাতীয় কর্মসূচির আলোকে কর্ণফুলী উপজেলা প্রশাসন কর্তৃক "ঐতিহাসিক ৭ই মার্চ" যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে বিভিন্ন মতামত ব্যক্ত করেন। তৎসাথে উপস্থিত কর্মকর্তা ও সুধিবৃন্দকে দিবসটি উদযাপনের লক্ষে কর্মসূচি প্রণয়নের জন্য স্ব-স্ব মতামত প্রকাশ করার জন্য আহ্বান জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় কর্মসূচি অনুসরণপূর্বক কর্ণফুলী উপজেলা প্রশাসন কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচিগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৭ মার্চ ২০২৪<br>সকাল ৯.০০ ঘটিকা | "ঐতিহাসিক ৭ই মার্চ" ভাষণের উপর প্রতিযোগিতা<br><br>ক গ্রুপ : প্রাথমিক/এবতেদায়ী/কারিগরী<br>খ গ্রুপ : মাধ্যমিক/দাখিল/কারিগরী<br>গ গ্রুপ : উচ্চ মাধ্যমিক/আলিম/কারিগরী | কর্ণফুলী উপজেলা অফিসার্স ক্লাব প্রাঙ্গন। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কর্ণফুলী।<br>৩। জনাব সৈয়দা আমাতুল্লাহ আরজু,সহকারী উপজেলা শিক্ষা অফিসার<br>৪। জনাব দ্বিজেন ধর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার<br>৫। জনাব এম,এন,ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, কর্ণফুলী।<br>৬। প্রধান শিক্ষক, দৌলতপুর উচ্চ বিদ্যালয়। |
| ৭ মার্চ ২০২৪<br>সকাল ১১.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ | কর্ণফুলী উপজেলা পরিষদ প্রাঙ্গন। | ১। সহকারী কমিশনার(ভূমি)<br>২। অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানা, চট্টগ্রাম<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কর্ণফুলী |
| ৭ মার্চ ২০২৪<br>সকাল ১১.১৫ ঘটিকা | আলোচনা সভা | কর্ণফুলী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। | ১। উপজেলা প্রশাসন<br>২। সহকারী কমিশনার(ভূমি)<br>৩। উপজেলা শিক্ষা অফিসার<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কর্ণফুলী। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ মার্চ ২০২৪ সুবিধাজনক সময়ে | ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে জাতীয় কর্মসূচি অনুসরণপূর্বক প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে দিবসটি স্ব-স্ব প্রতিষ্ঠানে যথাযথভাবে উদযাপন করার জন্য অনুরোধ জানানো হয়। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক দিবসটি উদযাপনের সকল অনুষ্ঠানের ভিডিও চিত্র WhatsApp এর মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানানো হলো। | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কর্ণফুলী, চট্টগ্রাম। ২।উপজেলা শিক্ষা কর্মকর্তা, কর্ণফুলী, চট্টগ্রাম। |
| ৭ মার্চ ২০২৪ সুবিধাজনক সময়ে | স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক "ঐতিহাসিক ৭ই মাচ" জাতীয় কর্মসূচি অনুসরণপূর্বক যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। দিবসটি উদযাপনের সকল অনুষ্ঠানের ভিডিও চিত্র WhatsApp এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং ইউনিয় পরিষদ সচিবগণকে অনুরোধ জানানো হলো। | স্ব-স্ব প্রতিষ্ঠান | স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

২। ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে "ঐতিহাসিক ৭ই মার্চ" ভাষণের উপর প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনা করে ১ম, ২য় ও ৩য় স্থানে বিজয়ীদের তালিকা দেয়ার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়ঃ

| | |
|---|---|
| ১। সহকারী কমিশনার (ভূমি), কর্ণফুলী, চট্টগ্রাম | আহবায়ক |
| ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কর্ণফুলী, চট্টগ্রাম | সদস্য |
| ৩। উপজেলা শিক্ষা অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম | সদস্য |
| ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কর্ণফুলী। | সদস্য |
| ৫। জনাব সৈয়দা আমাতুল্লাহ আরজু,সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৬। জনাব দ্বিজেন ধর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭। জনাব এম,এন,ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, কর্ণফুলী | সদস্য |
| ৮। প্রধান শিক্ষক, দৌলতপুর উচ্চ বিদ্যালয়, কর্ণফুলী | সদস্য |

৩। ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকল দপ্তর, সংস্থা, প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীগণ সকল অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস-২০২৪ জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচীর সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

৫। এছাড়া, ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস-২০২৪ জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচীর সাথে সংগতি রেখে ইউনিয়ন পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৩/২০২৪

মাসুমা জান্নাত
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫৩৯.০০০.২৩.০০৩.২২- ১৬১ তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯ / ০৪ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
৪। সহকারী কমিশনার (ভূমি), কর্ণফুলী, চট্টগ্রাম।
৫। অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানা, চট্টগ্রাম।
৬। উপজেলা.........................................অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম।
৭। অধ্যক্ষ, .............................................কলেজ/মাদ্রাসা, কর্ণফুলী, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান,................................ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
৯। প্রধান শিক্ষক,..................................................বিদ্যালয়, কর্ণফুলী, চট্টগ্রাম।
১০। ..................................................................................................

০৪/০৩/২০২৩

মাসুমা জান্নাত
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম

CamScanner